



বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি  
ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি  
নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ  
১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা- ১২১৬  
ই-মেইল: deanoffice.fet@bmu.edu.bd, ওয়েব: www.bmu.edu.bd

খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি এর নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগের অধীনে পরিচালিত বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের নিম্নবর্ণিত বিষয়সমূহে পাঠদানের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে আগামী ২১ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। বিষয়সমূহঃ

| Sl. | Course Code | Course Title                             | Credit |
|-----|-------------|--|--------|
| 1.  | ME 1100     | Mechanical Drawing                       | 1.5    |
| 2.  | NAOE 2105   | Numerical Methods in Engineering         | 3      |
| 3.  | EEE 1101    | Electrical Engineering Principles        | 3      |
| 4.  | NAOE 3105   | Materials in Marine Environment          | 3      |
| 5.  | NAOE 3107   | Ship and Offshore Production Technology  | 3      |
| 6.  | NAOE 3211   | Computational Fluid Dynamics             | 3      |
| 7.  | NAOE 3210   | Computer Programming for Engineers       | 1.5    |
| 8.  | NAOE 4217   | Offshore Survey, Drilling and Production | 3      |

৩। শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল/ সমমান ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত নূন্যতম ০৩ টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণী/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

৪। অভিজ্ঞতাঃ

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে নূন্যতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, নূন্যতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং নূন্যতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।

গ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়পত্র থাকিতে হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।

৭। একটি সেমিস্টারে একটি কোর্স পাঠদানের জন্য খন্ডকালীন শিক্ষক হিসাবে নিয়োজিত শিক্ষকগণকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হইবেঃ

| ক্রঃ<br>নং | পদবী           | সম্মানী<br>(ঘন্টা প্রতি) | অন্যান্য পারিতোষিক<br>(এককালীন) | মন্তব্য                               |
|------------|----------------|--------------------------|---------------------------------|---------------------------------------|
| ১।         | অধ্যাপক        | ২,১০০.০০                 | ১৩,৪০০.০০                       | সকল সম্মানী উৎসে<br>আয়কর কর্তনযোগ্য। |
| ২।         | সহযোগী অধ্যাপক | ২,০০০.০০                 | ১৩,২০০.০০                       |                                       |
| ৩।         | সহকারী অধ্যাপক | ১,৮০০.০০                 | ১৩,০০০.০০                       |                                       |
| ৪।         | লেকচারার       | ১,৬০০.০০                 | ১২,৫০০.০০                       |                                       |

**বিশেষ দৃষ্টব্যঃ** আগ্রহী প্রার্থীগণ ০২ সেট আবেদন পত্রের ০১ সেট রেজিস্ট্রার অফিস বরাবর এবং ০১ সেট ডীন অফিস, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি বরাবর প্রেরণ করবেন।